তারিখ 10 JAN 2015
পৃষ্ঠা ২৮ কলাম ২

# ইভটিজিংয়ের ঘটনায় শিক্ষকের কারাদণ্ড পক্ষে-বিপক্ষে সভা

**চলনবিল (সিরাজগঞ্জ) সংবাদদাতা**

ইভটিজিংয়ের দায়ে এক শিক্ষককে শাস্তি দেয়ায় তুলকালাম কাণ্ড শুরু হয়েছে। ইভটিজিংয়ের শাস্তিপ্রাপ্ত শিক্ষকের পক্ষে সভা ও মানববন্ধন করতে গিয়ে মারপিটের ঘটনায় তা ভন্ডুল হয়ে যায় । এ ঘটনায় আহত একজন সাংবাদিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

জানাযায়, তাড়াশ উপজেলার আমবাড়িয়া দাখিল মাদ্রাসার বিজ্ঞান শিক্ষক নজরুল ইসলাম উপজেলা সদরের একটি কোচিং সেন্টারে শিক্ষক হিসেবে কাজ করেন। তার মাদ্রাসার ছাত্রীসহ কোচিং সেন্টারের একাধিক ছাত্রীকে নানাভাবে উত্যক্ত করত। অভিভাবকদের অভিযোগে গত ৫জানুয়ারী বিকাল ৫টায় ভ্রামম্যান আদালত বসিয়ে উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ জিল্লুর রহমান খান ওই শিক্ষককে ৬ মাসের কারাদণ্ড প্রদান করেন। এ ঘটনাকে কেন্দ্র করে নজরুল ইসলামের স্ত্রী আরিফা বেগম তার স্বামীকে মারপিট ও ছিনতাই করার অভিযোগ এনে তাড়াশ থানায় পরের দিন মামলা দায়ের করেন। এদিকে আমবাড়িয়া মাদ্রাসার ছাত্রী ও অভিভাবকসহ স্থানীয় লোকজন ইভটিজিংয়ের প্রতিবাদে প্রতিবাদ সভা করে।